

বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস



আজ ১৭ মে ২০১৭, বুধবার সকালে বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচে স্থাপিত জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এছাড়াও স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকেও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রদ্ধা নিবেদনকালে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, সিভিকিট মেম্বার অধ্যাপক ডা. হারিসুল হক, চীফ এসেস্ট অফিসার ডা. একেএম শরীফুল ইসলাম, সহকারী প্রক্টর ডা. মোঃ আবু তাহের, সহকারী প্রক্টর ডা. মোঃ আহসান হাবীব, সহকারী প্রক্টর ডা. মোঃ রেজাউল আমিন, স্বাচিপ, বিএসএমএমইউ-এর সাংগঠনিক সম্পাদক ডা. আরিফুল ইসলাম জোয়ারদার টিটো প্রমুখ উপস্থিত ছিলেন।